



দিনাজপুর : দুর্যোগবান্ধব মাটি-বাঁশের ঘরের আঙ্গিনায় বিদেশি প্রকৌশলীদের মাঝে বিশেষজ্ঞ অজিত রায় (ডান থেকে পঞ্চম) —ইত্তেফাক

■ মতিউর রহমান, দিনাজপুর রিপোর্টার

সারা পৃথিবীতে চলছে প্রাকৃতিক দুর্যোগ আতঙ্ক। দুর্যোগ থেকে রক্ষা পেতে নিরাপদ ও টেকসই বাসস্থানের কোন বিকল্প নেই। তাই নিরাপদ ও টেকসই বাসস্থান তৈরির প্রশিক্ষণ নিতে বিভিন্ন দেশের প্রকৌশলীরা আসছে দিনাজপুর সদর উপজেলার ২নং সুন্দরবন ইউনিয়নের মাটি ও বাঁশের ঘর বিশেষজ্ঞ অজিত রায়ের কাছে।

জানা যায়, দীর্ঘ ১৬ বছর গবেষণা চালিয়ে স্বল্প খরচে মাটি ও বাঁশ দিয়ে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সক্ষম টেকসই বাসস্থান তৈরি করেন অজিত রায়। অজিতের মতে স্বল্প খরচে প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা পেতে চাইলে মাটি ও বাঁশের ঘর তৈরি করাই উত্তম। তাই নিরাপদ বাসস্থান তৈরির লক্ষ্যে ইংল্যান্ডের সিডিল ইঞ্জিনিয়ার জন আর্নল্ড, নিউজিল্যান্ডের সিডিল ইঞ্জিনিয়ার স্যামুয়েলস, স্কটল্যান্ডের ইঞ্জিনিয়ার মারিয়ান কিটিং, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ার রউফ চৌধুরী, ইঞ্জিনিয়ার ঈশিতা অবনি রায়সহ প্রকৌশলীরা মার্চ-এপ্রিল দুই মাস অজিত রায়ের কাছে প্রশিক্ষণ নেন।

প্রশিক্ষণ শেষে দিনাজপুর শহরের বড়বন্দরস্থ জগনবাবুর মাঠ প্রাঙ্গণে অবস্থিত বস্তিতে গত সপ্তাহে ১০-১৫টি অসহায় ও গরীব পরিবারকে তারা স্বল্প খরচে মাটি ও বাঁশ দিয়ে টেকসই ও নিরাপদ ঘর তৈরি করে দেয়। উক্ত বস্তির বাসিন্দা রমেশ চন্দ্র রায় জানান, স্বল্প খরচে যে ঘরটি আমার পরিবারকে তৈরি করে দিয়েছে তা খুবই মজবুত। অজিত জানান, দুর্যোগপ্রবণ আমাদের এই দেশে দরিদ্রদের জন্য টেকসই ঘর তৈরির গবেষণা করে আমি সফল হয়েছি।

ঘর তৈরির প্রশিক্ষণ নিতে বিদেশি প্রকৌশলীরা দিনাজপুরে